দৈনিক ইত্তেফাক

তারিখ 01 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

নগর সংস্কৃতি

# রাজশাহী ভার্সিটি বাংলা বিভাগের পুনর্মিলনী

■ ইত্তেফাক রিপোর্ট

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক আবদুল খালেক প্রণীত গ্রন্থ 'শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়'এর প্রকাশনা ও পুনর্মিলনী উৎসবের আয়োজন করা হয়েছিল গতকাল। রবিবার বিকালে বেইলি রোডের অফিসার্স ক্লাবে রাজশাহী বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগ অ্যালামনাই এ অনুষ্ঠানের আয়োজন করে। বাংলা বিভাগ অ্যালামনাই এর সভাপতি আপেল আবদুল্লাহর সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিরাজগঞ্জ-২ আসনের সংসদ সদস্য অধ্যাপক ডা. মোঃ হাবিবে মিল্লাত। স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক পি এম সফিকুল ইসলাম। প্রধান আলোচক ছিলেন অধ্যাপক ড. সৌমিত্র শেখর। আলোচনায় আরো অংশ নেন কবি জামিল রায়হান, মাহমুদ হাসান, আজিজার রহমান আজু, অধ্যাপক অনীক মাহমুদ, ড. রতন সিদ্দিকী, অধ্যাপক শহীদ ইকবাল। উপস্থাপনায় ছিলেন আমিনুর রহমান সুলতান। শুভেচ্ছা বক্তব্য রাখেন অধ্যাপক আবদুল খালেক। শেষে ছিল সাংস্কৃতিক আয়োজন।

**বার্জার তরুণ শিল্পী চিত্রকর্ম প্রতিযোগিতায় ছবি আহ্বান**

প্রতিবছরের মতো এবারও শুরু হতে যাচ্ছে 'বার্জার তরুণ শিল্পী চিত্রকর্ম প্রতিযোগিতা ২০১৬'। বার্জার পেইন্টস বাংলাদেশ লিমিটেডের আয়োজনে এই প্রতিযোগিতায় দেশের ১৮ থেকে ৩৫ বছরের চিত্রশিল্পীরা তাদের চিত্রকর্ম জমা দিতে পারবে। জমাকৃত চিত্রকর্ম থেকে বাছাই করে ছয় জন চিত্রশিল্পীকে পুরস্কার দেওয়া হবে। সেই সাথে প্রতিবছরের মতো এবার দেশের একজন প্রথিতযশা শিল্পীকে প্রদান করা হবে 'বার্জার পেইন্টস আজীবন সম্মাননা'। বার্জার পেইন্টস বাংলাদেশ আজীবন সম্মাননা পাচ্ছেন বরেণ্য চিত্রশিল্পী মনিরুল ইসলাম। গতকাল রবিবার রাজধানীর একটি ক্লাবে 'বার্জার তরুণ শিল্পী চিত্রকর্ম প্রতিযোগিতা ২০১৬' শুরু উপলক্ষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ সব তথ্য জানানো হয়। এতে প্রতিযোগিতার নানা দিক তুলে ধরেন জুরি কমিটির চেয়ারম্যান চিত্রশিল্পী বীরেন সোম এবং চিত্রশিল্পী অধ্যাপক আবদুশ শাকুর শাহ।

**জাতীয় শোক দিবসে শিশু একাডেমির ১৫ দিনের কর্মসূচি**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ শিশু একাডেমি ১ আগস্ট থেকে ১৫ আগস্ট পর্যন্ত ১৫ দিনব্যাপী জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি গ্রহণ করেছে। আগামীকাল সোমবার বিকাল সাড়ে ৪টায় একাডেমি চত্বরে শেখ রাসেল মুক্তমঞ্চে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক আলোকচিত্র ও পুস্তক প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

**'স্টপ সুইসাইড'র প্রিমিয়ার শো**

আত্মহত্যাবিরোধী সচেতনতা মূলক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র 'স্টপ সুইসাইড' প্রিমিয়ার শো অনুষ্ঠিত হলো গতকাল। নাট্যকার আসাদ সরকার নির্মাণ করেছেন চলচ্চিত্রটি। গতকাল বিকাল ৫টায় শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালার সেমিনার কক্ষে প্রথমবারের মত প্রদর্শিত হয় চলচ্চিত্রটি। প্রদর্শনী উদ্বোধন করেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। উপস্থিত ছিলেন- শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী, কণ্ঠশিল্পী মোহাম্মদ খুরশীদ আলম। ঢাকার প্রিমিয়ার শো-এর পর সারা দেশের ৬৪ জেলায় একটি আত্মহত্যা বিরোধী সচেতনতামূলক সেমিনারের মাধ্যমে পর্যায়ক্রমে চলচ্চিত্রটি প্রদর্শিত হবে।